14 MAY 2017 পৃষ্ঠা ১৯ ... ২

# জঙ্গিবাদ ঠেকাতে চাই বিজ্ঞানমনস্ক জাতি

■ সমকাল ডেস্ক

'তর্কে বিতর্কে, বিজ্ঞানের সাথে' স্লোগানে দেশজুড়ে চলছে বিএফএফ-সমকাল পঞ্চম জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা। ব্যাপক উৎসাহ-উদ্দীপনা ও তীব্র প্রতিদ্বন্দ্বিতায় গতকাল শনিবার অনুষ্ঠিত হলো এ আয়োজনের চট্টগ্রাম, খুলনা, সিলেট ও ময়মনসিংহের অঞ্চল পর্যায়ের প্রতিযোগিতা। এতে চট্টগ্রাম অঞ্চলে নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা অঞ্চলে মাগুরা সরকারি বালিকা বিদ্যালয়, সিলেট অঞ্চলে সিলেট সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও ময়মনসিংহ অঞ্চলে জামালপুরের হাসিল বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়। বিতার্কিকেরা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ের পক্ষে-বিপক্ষে তাদের নানা যুক্তি তুলে ধরে। বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষ সাধনের মাধ্যমে দেশকে এগিয়ে নেওয়ার অঙ্গীকার করে তারা।

**পঞ্চম জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা**

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তারা বলেন, শিক্ষাক্ষেত্রে উন্নয়ন না হলে কোনোভাবেই এগিয়ে যাওয়া সম্ভব নয়। আর বিজ্ঞানমনস্ক জাতি গড়ে তুলতে হলে আগে শিক্ষিত হতে হবে। দেশকে জঙ্গিবাদমুক্ত করতে বিজ্ঞানমনস্ক জাতি প্রয়োজন। বক্তারা আরও বলেন, বিজ্ঞানকে গুরুত্ব না দেওয়ার কারণে বিশ্বের অনেক দেশই আজ পিছিয়ে যাচ্ছে। শিক্ষার্থীরা বিজ্ঞানমনস্ক হলেই সমাজ থেকে জঙ্গিবাদ ও মাদকের ভয়াবহতা রোধ করা সম্ভব।

বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশন (বিএফএফ) ও সমকালের উদ্যোগে স্কুল পর্যায়ের খুদে শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষার প্রতি আরও আগ্রহী করে গড়ে তুলতে এই বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এর আয়োজক সমকাল সুহৃদ সমাবেশ। সহযোগিতায় রয়েছে– পাওয়ার্ড বাই বসুন্ধরা খাতা, এনলাইটেড বাই এসিআই পিওর সল্ট, প্রাইজ পার্টনার ড্যাফোডিল কম্পিউটার্স লিমিটেড, নলেজ পার্টনার আগামী, গোল্ডেন পার্টনার বঙ্গজ বিস্কুট এবং ব্যবস্থাপনায় রয়েছে কিংবদন্তী মিডিয়া। সমকালের ব্যুরো ও অফিসের পাঠানো খবর :

**চট্টগ্রাম :** চট্টগ্রাম নগরের বাংলাদেশ মহিলা উচ্চ বিদ্যালয় ও কলেজে অনুষ্ঠিত প্রতিযোগিতায় এ অঞ্চলের আট উচ্চ বিদ্যালয়ের ২৪ বিতার্কিক অংশ নেয়। এতে নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন ও কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় রানার্সআপ হয়। শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হয় চ্যাম্পিয়ন দলের দলনেতা নাবিলা আনজুম। প্রতিযোগিতায় অংশ নেওয়া অপর দলগুলো হলো– চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, ফেনী ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## জঙ্গিবাদ ঠেকাতে চাই বিজ্ঞানমনস্ক জাতি

[১৯ পৃষ্ঠার পর]

সেন্ট্রাল উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ির মাটিরাঙ্গা মডেল হাই স্কুল, রাঙামাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও বান্দরবান ক্যান্ট. পাবলিক স্কুল অ্যান্ড কলেজ।

সমকাল চট্টগ্রাম ব্যুরোপ্রধান সারোয়ার সুমনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সংসদ সদস্য এম এ লতিফ। প্রধান বক্তা ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম চেম্বারের সভাপতি মাহবুবুল আলম, বাংলাদেশ মহিলা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ আনোয়ারা বেগম ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক মো. মনিরুজ্জামান। উপস্থিত ছিলেন বসুন্ধরা পেপার মিলস লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ শরীফুল আলম কামাল। অনুষ্ঠান সঞ্চালনা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সুহৃদের সাধারণ সম্পাদক মেহেরুন্নেছা ফারিন।

**যশোর :** যশোর প্রেস ক্লাব মিলনায়তনে খুলনা অঞ্চলের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে জেলা পর্যায়ে শিরোপাজয়ী আটটি জেলার শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেয়। এর মধ্যে মাগুরা সরকারি বালিকা বিদ্যালয় চ্যাম্পিয়ন ও যশোর জিলা স্কুল রানার্সআপ হয়। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় চ্যাম্পিয়ন দলের দলনেতা মাবিয়া সুলতানা রিয়া। অংশ নেওয়া অপর দলগুলো হলো– খুলনা সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, কুষ্টিয়া জিলা স্কুল, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, ঝিনাইদহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও চুয়াডাঙ্গা ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়।

সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন যশোর জেলা পরিষদের চেয়ারম্যান সাইফুজ্জামান পিকুল। সমকাল সুহৃদ সমাবেশের উপদেষ্টা ও লেখক-কলামিস্ট এম আর খায়রুল উমামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সমকালের স্টাফ রিপোর্টার এস এম তৌহিদুর রহমান ও সমকাল সুহৃদ সমাবেশের সভাপতি আডভোকেট আমিনুর রহমান। উদ্বোধনী পর্বে সঞ্চালনায় ছিলেন যশোর সুহৃদ সমাবেশের সহসভাপতি নবনীতা সাহা তপু ও সাধারণ সম্পাদক সুকান্ত দাস।

**সিলেট :** সিলেট সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত প্রতিযোগিতায় এ অঞ্চলের চারটি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেয়। এতে সিলেট সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন ও ব্রাহ্মণবাড়িয়ার অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয় রানার্সআপ হয়। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় চ্যাম্পিয়ন দলের সুপ্রভা সুবহা জামান। প্রতিযোগিতায় অংশ নেওয়া অপর দলগুলো হলো– মৌলভীবাজারের দ্য ফ্লাওয়ার্স কেজি অ্যান্ড হাই স্কুল ও হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়।

প্রতিযোগিতা শেষে সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সমকাল সিলেট ব্যুরোপ্রধান চয়ন চৌধুরীর সভাপতিত্বে ও স্টাফ রিপোর্টার ফয়সল আহমদ বাবলুর পরিচালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. বদরুল ইসলাম শোয়েব। বিশেষ অতিথি ছিলেন সিলেট সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় স্কুল অ্যান্ড কলেজের প্রধান শিক্ষক বাবলী পুরকায়স্থ, সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো. কবীর খান, বসুন্ধরা টিস্যু অ্যান্ড এ ফোর পেপার অ্যান্ড হাইজিন প্রোডাক্টের সেলস ম্যানেজার মো. আবদুল মান্নান।

**ময়মনসিংহ :** ময়মনসিংহ শহরের প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত প্রতিযোগিতায় এ অঞ্চলের সাতটি শিক্ষা প্রতিষ্ঠান অংশ নেয়। এতে জামালপুরের হাসিল বালিকা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন ও শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় রানার্সআপ হয়। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় চ্যাম্পিয়ন দলের দলনেতা চৌধুরী সামিহা জাহান। প্রতিযোগিতায় অংশ নেওয়া অপর দলগুলো হলো– ময়মনসিংহের বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইলের বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জের আজরত সাতরজান উচ্চ বিদ্যালয়, গাজীপুরের বাঘের বাজার সরকারি উচ্চ বিদ্যালয় ও নেত্রকোনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

সকালে প্রতিযোগিতার উদ্বোধন ও প্রধান অতিথির বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব) এ এইচ এম লোকমান। সমকাল ময়মনসিংহ ব্যুরোর স্টাফ রিপোর্টার মীর গোলাম মোস্তফার সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এইচ এম লোকমান। বক্তব্য রাখেন ময়মনসিংহ অগ্রণী ব্যাংকের উপমহাব্যবস্থাপক আতিকুর রহমান সিদ্দিকী, প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুলের প্রধান শিক্ষক মো. চাঁন মিয়া ও প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুলের সহকারী শিক্ষক গোলাম হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ টেলিভিশন বিতার্কিক ময়মনসিংহ ডিবেটিং সোসাইটির চেয়ারম্যান ও সুহৃদ সভাপতি মো. আবুল কালাম আজাদ।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ময়মনসিংহ রেঞ্জের অতিরিক্ত ডিআইজি ড. আক্কাছ উদ্দিন ভূঞা। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ কারিগরি শিক্ষা কল্যাণ সমিতির সভাপতি মো. নাজমুল ইসলাম, ময়মনসিংহ কমার্স কলেজের অধ্যক্ষ এখলাছ উদ্দিন খান ও প্রিমিয়ার আইডিয়াল হাইস্কুলের প্রধান শিক্ষক মো. চাঁন মিয়া।

বিতর্কের বিভিন্ন পর্বে বিচারক ছিলেন টিচার্স ট্রেনিং কলেজ উপাধ্যক্ষ মো. মুইন উদ্দিন, আনন্দ মোহন কলেজের গণিত বিভাগের অধ্যাপক মো. জিয়াউল ইসলাম, বিএমটিটিআইর পরিচালক বিশিষ্ট পরিবেশবিজ্ঞানী ড. ফজলুল হক, আবুল কালাম আজাদ, বিতার্কিক মো. আলমগীর, বিতার্কিক মোহাম্মদ আবদুল মান্নান। মডারেটর হিসেবে বিতর্ক পরিচালনা করেন মো. আবুল কালাম আজাদ, মুইন উদ্দিন। অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেন সুহৃদ আরাফাত মির্জা, রওনক জাহান মিশু, ফাইমা ফারজিন মিম, রাফিয়া সুলতানা মৌ, মাহিমা রহমান লিমা, শকির আহমেদ, জনি চক্রবর্তী, কাউছার আহমেদ, হাসিম রেজা, নির্জন, জাকিয়া সুলতানা জেনি, তানজিলা খাতুন ইভা, মিম, নাসরিন সুলতানা, সিদরাতুল মুনতাহা, নুসরত তামান্না, সুমাইয়া জাহান সুপ্তি, আবদুল্লাহ আল মামুন, শাহরিয়ার সিদ্দিক, মুখলেছ প্রমুখ। এ সময় সমকাল জামালপুর প্রতিনিধি আনোয়ার হোসেন মিন্টু, গাজীপুর প্রতিনিধি ইজাজ আহমেদ মিলন, মুক্তাগাছা প্রতিনিধি শফিউল্লাহ সরকার শফিক উপস্থিত ছিলেন।

এদিকে, বিতর্ক চলাকালীন সমকালের সার্কুলেশন বিভাগের ডিজিএম অমিত রাইহান হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ও সড়ক দুর্ঘটনায় ময়মনসিংহের জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির (নেপ) মহাপরিচালক ফজলুর রহমানের মৃত্যুর খবরে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর